



নির্বাচন অগ্রাধিকার  
অতি জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২২ (অংশ-১)-৩৪৬


তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯  
১২ অক্টোবর ২০২২

**বিষয়: জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের নির্বাচনে অনিয়মের কারণে সকল ভোটকেন্দ্রের ভোটগ্রহণ বন্ধকরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় হইতে ২৪ জুলাই ২০২২ তারিখে জারিকৃত ও একই তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ১১.০০.০০০০.৮৬৩.০৯.০৫১.২১-৫৪ মোতাবেক জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ আসনটি ২৩ জুলাই ২০২২ তারিখে শূন্য হওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) অনুযায়ী উক্ত শূন্য পদ পূরণ করিবার জন্য ২০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের বিধান থাকায় ২৪ আগস্ট ২০২২ তারিখে তফসিল ঘোষণা করা হয়। ঘোষিত তফসিল অনুসারে উক্ত নির্বাচনে ভোটগ্রহণের তারিখ ১২ অক্টোবর ২০২২।

মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক সিসি ক্যামেরায় সরাসরি তদারকিতে অধিকাংশ ভোটকেন্দ্রের ভোটগ্রহণ কার্যক্রমে ব্যাপক অনিয়ম ও ভোটগ্রহণ কর্মকর্তাগণের দায়িত্ব পালনে চরম ব্যর্থতার কারণে একাদশ জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের নির্বাচনের সকল ভোটকেন্দ্রের ভোটগ্রহণ বন্ধ করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।



(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ০২-৫৫০০৭৫২৫ (অফিস)

Email: sasemc1@gmail.com

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী  
ও

রিটার্নিং অফিসার, জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের নির্বাচন


নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২২ (অংশ-১)-৩৪৬

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯  
১২ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব ..... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/ বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

৫. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৮. উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৯. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১০. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১১. জেলা প্রশাসক, গাইবান্ধা
১২. পুলিশ সুপার, গাইবান্ধা
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর
১৪. জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা
১৫. উপজেলা নির্বাহী অফিসার, ..... (সংশ্লিষ্ট)
১৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. উপজেলা নির্বাচন অফিসার, .....(সংশ্লিষ্ট)
২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .....(সংশ্লিষ্ট) থানা

  
২২/০৭/২০২২

( মোহাম্মদ মোরশেদ আলম )

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা

ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)